# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন(শানিব্যউবি)পরিপত্র নং - ১৪/২০২২ তারিখঃ ২৩.১০.২০২২খ্রিঃ

## পরিপত্র

**বিষয়ঃ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২**

"সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২ সালে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প "সুখী-সমৃদ্ধ সোনার বাংলা" এবং অভিলক্ষ্য "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা"। মন্ত্রিপরিষদ বিভাগ গত ৬ এপ্রিল,২০১৭ গেজেট আকারে **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭** ঘোষণা করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কর্ম-পরিকল্পনায় শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অর্ন্তভূক্ত রয়েছে। উক্ত নীতিমালার আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীর জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুমোদিত হয়,যা **"বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭"** শিরোনামে জারী করা হয়।

মন্ত্রিপরিষদ বিভাগ **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭** সময়ের প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সাধনপূর্বক গত ১৬ নভেম্বর, ২০২১ গেজেট আকারে **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১** ঘোষণা করেছে। পাশাপাশি বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ৫ সেপ্টেম্বর ২০২২ বিআরপিডি সার্কুলার লেটার নং ৩৪ এর মাধ্যমে **শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২** ঘোষণা করেছে। উপরোক্ত সংশোধনীর আলোকে এতদ্বারা **"বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭"** রহিত করে **"বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২"** জারী করা হলো ।

০২। **উদ্দেশ্যঃ** বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রনয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছর সমাপ্তির পর জুলাই মাসের ৩০ তারিখের মধ্যে প্রাপ্ত সংযুক্ত ছকে ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য ফরমে **"পুরস্কার প্রদানের সুপারিশ"** বিবেচনার মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

০৩। **পুরস্কার প্রদানের ক্ষেত্রসমুহঃ** বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ৫ সেপ্টেম্বর ২০২২ বিআরপিডি সার্কুলার লেটার নং ৩৪ এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংকে শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত ০৫টি ধাপের প্রতিটি হতে ০১টি করে মোট ০৫টি পুরস্কার বিবেচনা করা হবে।

৩.১ ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের (অর্থ্যাৎ তৃতীয় ধাপ পর্যন্ত) কর্মকর্তা হিসেবে ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক।

৩.২ ব্যাংকের চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তা হিসেবে সকল উপমহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ।

চলমান-

৩.৩ ব্যাংকের সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তা হিসেবে সকল মুখ্য কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মকর্তা।

৩.৪ সকল শাখা ব্যবস্থাপক (কর্পোরেট শাখাসহ)

৩.৫ ব্যাংকের সকল কর্মচারী।

০৪। **মূল্যায়ন পদ্ধতিঃ**

৪.১ নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা ও কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ছকসমূহে (পরিশিষ্ট- ক, খ, গ, ঘ, ঙ) উল্লিখিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত মোট ১০০ নম্বর (প্রযোজ্যতা অনুযায়ী) বিবেচনা করা হবে।

৪.২ প্রতি অর্থবছরের জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে আবেদনকারীগণ পদবীর ক্যাটাগরীর ধাপ অনুযায়ী নির্ধারিত ছকে "আবেদনকারীর ব্যক্তিগত তথ্য" অংশ পূরণ করে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট সংশ্লিষ্ট প্রমাণকসহ দাখিল করবেন। শাখা ব্যবস্থাপকগণের জন্য নির্ধারিত ক্যাটাগরী ব্যতীত অন্য কোন পদবীর ক্যাটাগরীতে আবেদন করতে পারবেন না।

৪.৩ প্রতি অর্থবছরের জুলাই মাসের ২০ তারিখের মধ্যে আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নির্ধারিত সূচকের বিপরীতে মূল্যায়নসূচক নম্বর দিয়ে গোপনীয়ভাবে তার এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

৪.৪ প্রতি অর্থবছরের জুলাই মাসের ২৫ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিজ কার্যালয়ের ফরমসহ প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন এবং প্রধান কার্যালয়ের ক্ষেত্রে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৫ প্রতি অর্থবছরের জুলাই মাসের ৩০ তারিখের মধ্যে নিজ কার্যালয়ের ফরমসহ প্রাপ্ত মূল্যায়ন ফরমে নূন্যতম ৮০ নম্বর প্রাপ্ত ফরমসমূহ বাছাই করে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।

৪.৬ যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এপিএসহ শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিপরীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আন্তঃব্যাংক মূল্যায়ন করে থাকে, সেহেতু শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব কার্যক্রম সম্পন্ন করার প্রতি যত্নবান হবেন।

০৫। **পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণঃ**

৫.১ কর্মকর্তা ও কর্মচারীকে বিবেচ্য অর্থবছরে ব্যাংকে চাকুরীর সময়কাল নূন্যতম ০৩(তিন) বছর হতে হবে।

৫.২ সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরী অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

চলমান-

৫.৩ কোন কর্মকর্তা/কর্মচারীর সর্বমোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৪ কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন, বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান থাকলে বা মামলায় শাস্তিপ্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৫ একাধিক কর্মকর্তা ও কর্মচারী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হলে প্রত্যেকে পৃথকভাবে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

৫.৬ কোন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হলে বদলী, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয়/কর্মস্থল পরিবর্তন হলেও পরবর্তী ০৩ (তিন) বছর তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৭ আবেদনকারীকে বিবেচ্য অর্থবছরের পুরস্কারের আবেদনের সাথে **"পূর্ববর্তী ০৩ (তিন) বছরের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হন নাই"** মর্মে বর্তমান কার্যালয়সহ বিগত ০৩(তিন) বছরে বদলীকৃত কার্যালয়/কর্মস্থলসমূহ হতে প্রত্যয়ন গ্রহণ করে মূল্যায়ন ফরমের সাথে দাখিল করতে হবে।

৫.৮ ব্যাংকের শাখা ব্যবস্থাপকগণ অন্য কোন পদবীর ক্যাটাগরীতে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৫.৯ প্রতি অর্থবছরের জুন মাসের মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ সহ মাঠ পর্যায়ের সকল ব্যক্তিগত নথি সংরক্ষণকারী কার্যালয়সমূহ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা অনুযায়ী সনদের কপি সংগ্রহ করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে ০১ কপি সংরক্ষণ করে তাঁর সার্ভিস বহিতে পুরস্কার সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করবেন।

০৬। **শুদ্ধাচার পুরস্কারের জন্য বাছাই কমিটি গঠনঃ**

৬.১ অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত কর্মকর্তাগণের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটির কাঠামো নিম্নরূপ :

| বাছাই কমিটির পদবী | | প্রাতিষ্ঠানিক পদবী |
|---|---|---|
| সভাপতি | : | চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক |
| সদস্য | : | পরিচালক, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক |
| সদস্য | : | পরিচালক, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক |

** উক্ত কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

৬.২ অনুচ্ছেদ ৩.২ হতে ৩.৫ এ বর্ণিত ধাপসমূহ হতে কর্মকর্তাগণের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটির কাঠামো নিম্নরূপ :

| বাছাই কমিটির পদবী | | প্রাতিষ্ঠানিক পদবী |
|---|---|---|
| সভাপতি | : | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় |
| সদস্য | : | উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয় |
| সদস্য | : | মহাব্যবস্থাপক, প্রশাসন মহোদয় |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-১ |
| সদস্য সচিব | : | উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ |

চলমান-

৬.৩ বাছাই কমিটি অনুচ্ছেদ ৩.১ হতে ৩.৫ এ বর্ণিত ধাপসমূহে উল্লিখিত কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হতে প্রতি ধাপে ০১(এক)জন করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করবেন। তবে অনুচ্ছেদ ৫.৫ অনুযায়ী একাধিক কর্মকর্তা ও কর্মচারী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হলে প্রত্যেককে পৃথকভাবে শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচন করবেন।

৬.৪ বাছাই কমিটি প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের প্রধানের মতামত গ্রহণ করবেন।

৬.৫ বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পুরস্কার প্রদানের পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৭। **পুরস্কারের মানঃ**

পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদান করা হবে। তবে, কোন কর্মকর্তা/কর্মচারী যে মাসে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমান অর্থ পুরস্কার হিসাবে প্রাপ্ত হবেন।

০৮। **"বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২"** অর্থবছর ২০২১-২০২২ হতে কার্যকর এবং **"বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭"** র আওতায় বিভাগীয় পর্যায়ে ইতোমধ্যে ঘোষিত শুদ্ধাচার পুরস্কার-২০২১-২০২২ বাতিল বলে গণ্য হবে।

27/10/2022
(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-১০)/২০২২-২০২৩/৪৮৫ তারিখঃ ২৬.১০.২০২২ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, অধ্যক্ষ স্টাফ কলেজ ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাং লাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপমহাব্যবস্থাপক, সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। - *উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।*
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

২৬.১০.২২
(কে,এম, হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা/ কার্যালয়ের নাম :

অঞ্চল/জেলার নাম :

## আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :

পদবী :

কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

বার্ষিক বেতনবৃদ্ধির পর মূল বেতন :

সর্বশেষ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন কর্মস্থলসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভঃতঃ সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।

২।

৩।

৪।

## বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ : ৩.১.১ অনুযায়ী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক )

অর্থ বছর :

সময়কাল : ০১/০৭/.............হতে ৩০/০৬/...........ইং

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | মূল্যায়নকারী কর্মকর্তার মূল্যায়ন |
|---|---|---|---|
| ০১. | ০২. | ০৩. | ০৪. |
| ০১। | সততা ও নৈতিকতার নিদর্শন | ১০ | |
| ০২। | নেতৃত্ব | ১০ | |
| ০৩। | প্রতিষ্ঠানের অভিলক্ষ্য বাস্তবায়ন | ১০ | |
| ০৪। | সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা | ১০ | |
| ০৫। | সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা | ১০ | |
| ০৬। | ই-নথি সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ | ১০ | |
| ০৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১০ | |
| ০৮। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ১০ | |
| ০৯। | প্রকল্প বাস্তবায়নে দক্ষতা | ১০ | |
| ১০। | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | |
| | মোট : | ১০০ | |

কলাম ০৫ এর মোট প্রাপ্ত নম্বর

সংখ্যা ..........কথায়..........

তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

.................অর্থবছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

পরিচালক, পরিচালনা পর্ষদ,
বাংলাদেশ কৃষি ব্যাংক

পরিচালক, পরিচালনা পর্ষদ,
বাংলাদেশ কৃষি ব্যাংক

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ,
বাংলাদেশ কৃষি ব্যাংক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা/ কার্যালয়ের নাম :

অঞ্চল/জেলার নাম :

## আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :

পদবী :

কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

বার্ষিক বেতনবৃদ্ধির পর মূল বেতন :

সর্বশেষ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন শাখাসমূহের সংযুক্ত প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভঃতঃ সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।

২।

৩।

৪।

## বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ : ৩.২ অনুযায়ী ব্যাংকের সকল উপমহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা)

**অর্থ বছর :**

সময়কাল : ০১/০৭/.............হতে ৩০/০৬/............ইং

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন | মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মূল্যায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ০২. | ০৩. | ০৪. | ০৫. |
| ০১। | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ০২। | সেবাগ্রহীতাদের সেবা প্রদান | ১০ | | |
| ০৩। | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস) | ১০ | | |
| ০৪। | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ | | |
| ০৫। | দলগত কাজে সমন্বয় | ১০ | | |
| ০৬। | সময়ানুবর্তিতা ও শৃংখলাবোধ | ১০ | | |
| ০৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ | | |
| ০৮। | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ | | |
| ০৯। | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ | | |
| ১০। | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | মোট : | ১০০ | | |

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর
সংখ্যা ..........কথায়................
তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো

কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো।
মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা .......... কথায়................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

...................অর্থবছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

| উপমহাব্যবস্থাপক<br>বিসিবিডি, প্রকা, ঢাকা | উপমহাব্যবস্থাপক<br>এইচআরএমডি-১, প্রকা, ঢাকা | মহাব্যবস্থাপক, প্রশাসন<br>বিকেবি,প্রকা, ঢাকা | উপব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ কৃষি ব্যাংক |
|---|---|---|---|---|

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা/ কার্যালয়ের নাম :

অঞ্চল/জেলার নাম :

## আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :

পদবী :

কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

বার্ষিক বেতনবৃদ্ধির পর মূল বেতন :

সর্বশেষ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন শাখাসমূহের সংযুক্ত প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভঃতঃ সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।

২।

৩।

৪।

## বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ : ৩.৩ অনুযায়ী ব্যাংকের সকল মুখ্য কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মকর্তা।)

অর্থ বছর :

সময়কাল : ০১/০৭/.............হতে ৩০/০৬/...........ইং

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন | মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মূল্যায়ন |
|---|---|---|---|---|
| ০১। | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ০২। | পেশাগত জ্ঞান ও সেবা প্রদানে দক্ষতা | ১০ | | |
| ০৩। | সহকর্মী ও সেবাগ্রহীতাদের সঙ্গে আচরণ | ১০ | | |
| ০৪। | উদ্ভাবন ও সংস্কারমূলক কার্যক্রমের চর্চা | ১০ | | |
| ০৫। | তথ্য প্রযুক্তির ব্যবহারে পারদর্শিতা | ১০ | | |
| ০৬। | সময়ানুবর্তিতা ও শৃংখলাবোধ | ১০ | | |
| ০৭। | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ | | |
| ০৮। | দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা | ১০ | | |
| ০৯। | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | | |
| ১০। | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | মোট : | ১০০ | | |

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর

সংখ্যা ..........কথায়................

তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো।

মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা .......... কথায়...............

মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

....................অর্থবছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

| উপমহাব্যবস্থাপক<br>বিসিবিডি, প্রকা, ঢাকা | উপমহাব্যবস্থাপক<br>এইচআরএমডি-১, প্রকা, ঢাকা | মহাব্যবস্থাপক, প্রশাসন<br>বিকেবি,প্রকা, ঢাকা | উপব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ কৃষি ব্যাংক |
|---|---|---|---|---|

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা/ কার্যালয়ের নাম :

অঞ্চল/জেলার নাম :

## আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :

পদবী :

কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

বার্ষিক বেতনবৃদ্ধির পর মূল বেতন :

সর্বশেষ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন শাখাসমূহের সংযুক্ত প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভঃতঃ সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।

২।

৩।

৪।

## বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ : ৩.৪ অনুযায়ী ব্যাংকের সকল শাখা ব্যবস্থাপক)

অর্থ বছর :

সময়কাল : ০১/০৭/.............হতে ৩০/০৬/...........ইং

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন | মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মূল্যায়ন |
|---|---|---|---|---|
| ০১। | সততা ও নৈতিকতার নিদর্শন | ১০ | | |
| ০২। | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ১০ | | |
| ০৩। | সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা | ১০ | | |
| ০৪। | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ | | |
| ০৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ | | |
| ০৬। | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ | | |
| ০৭। | সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা | ১০ | | |
| ০৮। | ই-নথি সেবা সহজীকরণ ও সংস্কার কার্যক্রমে উৎসাহিতকরণ | ১০ | | |
| ০৯। | প্রকল্প/লক্ষ্য বাস্তবায়নে দক্ষতা | ১০ | | |
| ১০। | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | মোট : | ১০০ | | |

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর
সংখ্যা ..........কথায়................
তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো।
মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা .......... কথায়................

মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

....................অর্থবছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| উপমহাব্যবস্থাপক<br>বিসিবিডি, প্রকা, ঢাকা | উপমহাব্যবস্থাপক<br>এইচআরএমডি-১, প্রকা, ঢাকা | মহাব্যবস্থাপক, প্রশাসন<br>বিকেবি,প্রকা, ঢাকা | উপব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ কৃষি ব্যাংক |

# বাংলাদেশ কৃষি ব্যাংক

শাখা/ কার্যালয়ের নাম :

অঞ্চল/জেলার নাম :

## আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

কর্মকর্তা/কর্মচারীর নাম :

পদবী :

কর্মকর্তা/কর্মচারীর গ্রেড :

চলতি অর্থবছরের জুন মাসে গৃহীত মূল বেতন :

বার্ষিক বেতনবৃদ্ধির পর মূল বেতন :

সর্বশেষ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির সন :

পূর্বতন শাখাসমূহের প্রত্যয়ন পত্র সংখ্যা :

ভঃতঃ সূচক নং :

মোবাইল নম্বর :

বেতনক্রম :

বিগত ০৩ বছরের কর্মস্থল: ১।

২।

৩।

৪।

## বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ছক

(অনুচ্ছেদ : ৩.৫ অনুযায়ী ব্যাংকের সকল কর্মচারী।)

অর্থ বছর :

সময়কাল : ০১/০৭/.............হতে ৩০/০৬/...........ইং

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মূল্যায়ন | মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মূল্যায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ০২. | ০৩. | ০৪. | ০৫. |
| ০১। | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ০২। | সেবা প্রদানে দক্ষতা | ১০ | | |
| ০৩। | সহকর্মী ও সেবাগ্রহীতাদের সঙ্গে আচরণ | ১০ | | |
| ০৪। | দাপ্তরিক/তথ্যের গোপনীয়তা রক্ষা | ১০ | | |
| ০৫। | স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক এবং দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ | | |
| ০৬। | সময়ানুবর্তিতা ও শৃংখলাবোধ | ১০ | | |
| ০৭। | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | | |
| ০৮। | পরিস্কার পরিচ্ছন্নতা | ১০ | | |
| ০৯। | যথাযথ পোশাক পরিধান | ১০ | | |
| ১০। | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | মোট : | ১০০ | | |

কলাম ০৪ এর মোট প্রাপ্ত নম্বর

সংখ্যা ..........কথায়................

তাঁকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করা হলো

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কলাম ০৫ অনুযায়ী প্রত্যয়ন করা হলো।

মোট প্রাপ্ত নম্বর =সংখ্যা .......... কথায়................

মূল্যায়নকারী কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

....................অর্থবছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| উপমহাব্যবস্থাপক<br>বিসিবিডি, প্রকা, ঢাকা | উপমহাব্যবস্থাপক<br>এইচআরএমডি-১, প্রকা, ঢাকা | মহাব্যবস্থাপক, প্রশাসন<br>বিকেবি,প্রকা, ঢাকা | উপব্যবস্থাপনা পরিচালক-১<br>বাংলাদেশ কৃষি ব্যাংক | ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ কৃষি ব্যাংক |